# ব্যাগেজ রুলস

## (সর্বশেষ সংশোধনী এবং উচ্চতর আদালতের সিদ্ধান্তসহ)

মোঃ জহিরুল ইসলাম
সাইফুল ইসলাম ফকির



রহিম ল' বুক হাউস

সূচিপত্র

## যাত্রী (অপর্যটক) ব্যাগেজ (আমদানি) বিধিমালা, ২০২৩

১। শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন ১৩
২। সংজ্ঞা ১৩
৩। আকাশ এবং জলপথে আগত যাত্রীর শুল্ক ও কর সুবিধা ১৪
৪। স্থল পথে আগত যাত্রীর জন্য সুবিধা ১৫
৫। অসুস্থ, পঙ্গু ও বৃদ্ধ যাত্রীর জন্য সুবিধা ১৬
৬। ক্রু, নাবিক এবং অন্যান্যদের জন্য সুবিধা ১৬
৭। গ্রীণ এবং রেড চ্যানেল ব্যবহার ১৬
৮। সকল যাত্রীর জন্য কাস্টমস ঘোষণাপত্রের বিধান ১৭
৯। মৃত ব্যক্তির ক্ষেত্রে অব্যাহতি ১৭
১০। বাণিজ্যিক পরিমাণে ব্যাগেজ আমদানির ক্ষেত্রে শুল্ক ও কর ১৭
তফসিল-১= [ব্যাগেজ ঘোষণা ফরম ] ১৮
তফসিল-২= [শুল্ক-কর আরোপযোগ্য পণ্যের সংক্ষিপ্ত তালিকা] ২০
তফসিল-৩= [শুল্ক ও কর মুক্ত পণ্যের তালিকা] ২২
তফসিল-৪=পণ্য ক্রয় সংক্রান্ত ফরম ২৩
[ঘোষিত পণ্য যাত্রী আগমণের সাত কার্যদিবসের মধ্যে ক্রয় করিতে হইবে ]

**# বিলুপ্তকৃত**

যাত্রী (অপর্যটক) ব্যাগেজ (আমদানি) বিধিমালা, ২০১৬ ২৫-৩৬

**# ট্রান্সফার অফ রেসিডেন্স (Transfer of Residence) ব্যাগেজ (আমদানি) বিধিমালা, ২০০০**

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ ৩৭
২। সংজ্ঞা ৩৭
৩। প্রাপ্য সুবিধাদি ৩৮

৪। শুল্ক-করমুক্ত সুবিধা ৩৯

৫। অবচয় মূল্যে সকল প্রকার শুল্ক-কর পরিশোধক্রমে খালাসযোগ্য ব্যাগেজের তালিকা ৩৯

তালিকা

৬। পেশাগত দ্রব্য আমদানি সুবিধা ৪০

৭। মোটর গাড়ী আমদানি ৪০

৮। এই বিধিমালার আওতায় প্রযোজ্য সুবিধাদি অর্জনের জন্য শর্তাবলী ৪০

ঘোষণাপত্রের ফরম ৪১

**# The Tourists Baggage (Import) Rules, 1981 ৪৩-৪৫**

**# ট্যুরিষ্ট ব্যাগেজ (আমদানী) বিধিমালা-১৯৮১ ৪৬-৪৮**

**Pilgrims Baggage (Import) Rules, 1977** এতদ্বারা বাতিল (২১ মে, ২০২৩) ৪৯

**# পিলগ্রিমস ব্যাগেজ (আমদানী) বিধিমালা-১৯৭৭ ৫০-৫৩**

# The Passengers (Non-tourists) Baggage (Import) Rules, 1990

1. Short title, application and commencement 54

2. Definitions 54

3. Duty free personal allowance 55

4. Dutiable allowance 56

5. Professional allowance 60

6. Concession for children 60

7. Concession for air crew 60

8. Concession for ship's crew 60

9. Special Exemption for purchase from the duty free shop of Bangladesh Parjatan Corporation 60

10. Conditions for availing concessions under these rules.- 61

11. General conditions:- 63

**# Importers, Exporters and Indentors (Registration) Order, 1981 64-75**

**# বিমান যাত্রী Unaccompanied ব্যাগেজ (রপ্তানী) বিধিমালা, ১৯৯৯**

১। সংক্ষিপ্ত শিরনামা ও প্রয়োগঃ ৭৬

২। সংজ্ঞা ৭৬

৩। শুল্ক কর্তৃপক্ষ নিম্নবর্ণিত শর্ত পূরণ সাপেক্ষে বিদেশগামী যাত্রীর Unaccompanied ব্যাগেজ প্রেরণের অনুমতি প্রদান করিতে পারিবেঃ ৭৬

**# Privileged Persons (Customs Procedures) Rules 2003**

1. Short title 78
2. Definition. 78
3. Import of articles free of customs duties 80
4. Purchase of consumable articles from diplomatic bonded warehouses 81
5. Conditions of Import & Purchase 81
6. Issuance of Customs Passbook. 81
7. Renewal of Customs Passbook 82
8. Disposal of car and other durable articles. 82
9. Surrender and Deposit of Customs passbook. 83
10. Repeal. 84

**chedule** 84

**#BAGGAGE (TRANSIT TO CUSTOMS STATIONS) REGULATIONS, 1967**

1. Sort title. 86

2. Conditions for allowing transit 86
3. Special provision 87
4. Payment of fee 87
**Case Law** **88**

# # The Control of Entry Act, 1952

1. Short title, extent and commencement: 98
১। সংক্ষিপ্ত শিরোনাম, ব্যাপ্তি এবং সূচনা ৯৮
2. Definitions 98
২। সংজ্ঞা ৯৯
3. Control of entry 100
৩। প্রবেশের নিয়ন্ত্রণ ১০০
4. Penalty 100
৪। জরিমানা ১০০
5. False information 100
৫। মিথ্যা তথ্য ১০১
6. Power to arrest 101
৬। গ্রেপ্তারের ক্ষমতা ১০১
7. Power to remove from Bangladesh 102
৭। বাংলাদেশ থেকে অপসারণের ক্ষমতা ১০২
8. Power to make rules 103
৮। বিধি প্রণয়নের ক্ষমতা ১০৩
9. Delegation of powers 105
৯। ক্ষমতা অর্পণ ১০৫
10. Protection of persons acting under this Act 105
১০। এই আইনের অধীনে কাজ করা ব্যক্তিদের সুরক্ষা ১০৫
11. [Omitted.]
১১। [বাদ দেওয়া।]

# # বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩

প্রথম অধ্যায়

প্রারম্ভিক

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন ১০৭
২। সংজ্ঞা ১০৭

## দ্বিতীয় অধ্যায়
## অভিবাসী কর্মী প্রেরণ, অভিবাসন, ইত্যাদি

৩। অভিবাসী কর্মী প্রেরণের কর্তৃত্ব ১০৯
৪। অভিবাসন ১১০
৫। কতিপয় ব্যক্তির বহির্গমনের ক্ষেত্রে এই আইনের অপ্রযোজ্যতা ১১০
৬। সমতা নীতির প্রয়োগ ১১০
৭। বহির্গমনের স্থান ১১১
৮। অভিবাসন সংক্রান্ত নিষেধাজ্ঞা ১১১

## তৃতীয় অধ্যায়
## রিক্রুটিং এজেন্ট, লাইসেন্স, ইত্যাদি

৯। লাইসেন্স ১১১
১০। লাইসেন্স প্রাপ্তির যোগ্যতা ১১২
১১। লাইসেন্সের মেয়াদ ও নবায়ন ১১২
১২। লাইসেন্স স্থগিতকরণ ও বাতিল ১১৩
১৩। লাইসেন্স প্রত্যাহার ১১৩
১৪। শাখা অফিস ১১৩
১৫। রিক্রুটিং এজেন্টের দায়িত্ব ১১৩
১৬। রিক্রুটিং এজেন্টের শ্রেণীবিভাগ ১১৪
১৭। লাইসেন্স হস্তান্তর ও ঠিকানা পরিবর্তন, ইত্যাদি ১১৪
১৮। জামানত বাজেয়াপ্তকরণ, ইত্যাদি ১১৫

## চতুর্থ অধ্যায়
## অভিবাসী কর্মীর নিবন্ধন, বহির্গমন ছাড়পত্র, ইত্যাদি

১৯। অভিবাসী কর্মীর নিবন্ধন ও স্বার্থ সংরক্ষণ ১১৫
২০। বহির্গমন ছাড়পত্র ১১৬
২১। অভিবাসন ব্যয় ১১৬

## পঞ্চম অধ্যায়

## কর্মসংস্থান চুক্তি

২২। কর্মসংস্থান চুক্তি ১১৬

## ষষ্ঠ অধ্যায়

## শ্রম কল্যাণ উইং এবং অভিবাসন বিষয়ক চুক্তি

২৩। শ্রম কল্যাণ উইং ১১৭

২৪। শ্রম কল্যাণ উইং এর দায়িত্ব ১১৬

২৫। অভিবাসন বিষয়ক দ্বিপাক্ষিক চুক্তি ১১৮

## সপ্তম অধ্যায়

## অভিবাসী কর্মীর অধিকার

২৬। তথ্যের অধিকার ১১৮

২৭। আইনগত সহায়তা ১১৯

২৮। দেওয়ানী মামলা দায়েরের অধিকার ১১৯

২৯। দেশে ফিরিয়া আসিবার অধিকার ১১৯

৩০। আর্থিক ও অন্যান্য কল্যাণমূলক কর্মসূচি ১১৯

## অষ্টম অধ্যায়

## অপরাধ, দণ্ড ও বিচার

৩১। অবৈধভাবে বিদেশে কর্মী প্রেরণ, অর্থ গ্রহণ, ইত্যাদির দণ্ড ১১৯

৩২। অননুমোদিত বিজ্ঞাপন প্রকাশের দণ্ড ১২০

৩৩। বৈদেশিক কর্মসংস্থান সম্পর্কিত চাহিদাপত্র, ভিসা বা কার্যানুমতিপত্র সংগ্রহে অবৈধ পন্থা গ্রহণ বা ক্রয়-বিক্রয়ের দণ্ড ১২০

৩৪। বহির্গমন স্থান ব্যতীত অন্য স্থান দিয়া বহির্গমনের ব্যবস্থাকরণের দণ্ড ১২০

৩৫। অন্যান্য অপরাধের দণ্ড ১২১

৩৬। অপরাধ সংঘটনের সহায়তা, প্ররোচনা, ইত্যাদির দণ্ড ১২১

৩৭। কোম্পানী কর্তৃক অপরাধ সংঘটন ১২১

৩৮। বিচার ১২১

৩৯। অপরাধে আমলযোগ্যতা, আপোষযোগ্যতা, ইত্যাদি ১২২

৪০। মোবাইল কোর্ট আইন, ২০০৯ এর তফসিলভুক্ত হওয়া ১২২

৪১। সরকারের নিকট অভিযোগ উত্থাপন ১২২

নবম অধ্যায়

বিবিধ

৪২। তল্লাশি ১২২

৪৩। অবৈধভাবে গৃহীত অর্থ উদ্ধার ১২২

৪৪। ক্ষমতার্পণ এবং প্রতিনিধি নিয়োগ ১২৩

৪৫। অসুবিধা দূরীকরণে সরকারের ক্ষমতা ১২৩

৪৬। অন্যান্য আইনের পরিপূরক গণ্য হওয়া ১২৩

৪৭। বিধি প্রণয়নের ক্ষমতা ১২৩

৪৮। ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ ১২৩

৪৯। রহিতকরণ ও হেফাজত ১২৩

**# Employment and Migrant Act 2013 125-144**

**# বিলুপ্তকৃত THE EMIGRATION ORDINANCE, 1982 145-157**

**# লাগেজ তথ্য ১৫৮-১৭৫**

**# পত্রিকার সংবাদ ১৭৬-১৯১**

(২) 'ব্যাগেজ" অর্থ কোনো যাত্রী কর্তৃক আমদানিকৃত যুক্তিসঙ্গত পরিমাণের খাদ্যদ্রব্য, পরিধেয়, গৃহস্থালি বা অন্যবিধ ব্যক্তিগত সামগ্রী, যার প্রতিটি আইটেমের ওজন ১৫ কেজির অধিক নহে; এবং

(৩) "যাত্রী" অর্থ বিদেশ হইতে আগত কোনো যাত্রী।

**৩। আকাশ এবং জলপথে আগত যাত্রীর শুল্ক ও কর সুবিধা।**—(১) আকাশ এবং জলপথে আগত ১২ (বার) বৎসর বা তদূর্ধ্ব বয়সের যাত্রীর সঙ্গে আনীত হাতব্যাগ, কেবিনব্যাগ বা অন্যবিধ উপায়ে আনীত মোট ৬৫ (পঁয়ষট্টি) কিলোগ্রাম ওজনের অতিরিক্ত নহে এইরূপ ব্যাগেজ সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে খালাসযোগ্য হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত ব্যাগেজের অতিরিক্ত অনূর্ধ্ব ৩৫ (পঁয়ত্রিশ) কিলোগ্রাম ওজনের আনীত পরিধেয় বস্ত্র, ব্যক্তিগত ব্যবহার্য সামগ্রী, বই, সাময়িকী এবং পড়াশুনার সামগ্রী সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে খালাসযোগ্য হইবে।

(৩) ১২ (বার) বৎসরের কম বয়সের যাত্রীর ক্ষেত্রে অনধিক ৪০ (চল্লিশ) কিলোগ্রাম ওজনের একটি কার্টন, ব্যাগ বা ব্যবস্থায় আনীত ব্যক্তিগত ব্যাগেজ সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে খালাসযোগ্য হইবে, তবে বর্ণিত এই সুবিধা ব্যতীত অন্য কোনো প্রকার সুবিধা ১২ (বার) বৎসরের কম বয়সের যাত্রী প্রাপ্য হইবে না।

(৪) যাত্রীর সঙ্গে আনীত হয় নাই এইরূপ ব্যাগেজ (unaccompanied baggage) তফসিল-১ এ বিধৃত ফরমে ঘোষণা প্রদান ও এই বিধিমালার সহিত সঙ্গতিপূর্ণ হওয়া সাপেক্ষে, সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে খালাস করা যাইবে, তবে উক্ত ব্যাগেজ খালাসের সময় ঘোষণাপত্রের একটি অনুলিপি সংশ্লিষ্ট কাস্টমস কর্মকর্তার নিকট দাখিল করিতে হইবে।

(৫) এই বিধিতে ভিন্নরূপ যাহা কিছুই থাকুক না কেন, একজন যাত্রী তফসিল-৩ এ উল্লিখিত পণ্যের প্রত্যেকটির একটি (মোবাইল ফোন দুইটি) করিয়া পণ্য সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে এবং তফসিল-২ এ উল্লিখিত পণ্যের প্রত্যেকটির একটি করিয়া পণ্য উক্ত তফসিলে উল্লিখিত শুল্ক ও কর পরিশোধ সাপেক্ষে আমদানি করিতে পারিবেন।

(৬) একজন বিদেশি পাসপোর্টধারী যাত্রী এক লিটার পর্যন্ত মদ বা মদ্য জাতীয় পানীয় (যেমন-স্পিরিট, বিয়ার, ইত্যাদি) সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে আমদানি করিতে পারিবেন।

(৭) কোনো যাত্রী তফসিল-২ এবং তফসিল-৩ এ উল্লিখিত পণ্য বিদেশ হইতে সঙ্গে না আনিয়া থাকিলে তফসিল-৪ এ বিধৃত ফরমে উল্লেখক্রমে তাহা বাংলাদেশ পর্যটন করপোরেশনের সিটি সেলস্ সেন্টার হইতে তাহার আগমনের ৭(সাত) কার্যদিবসের মধ্যে ক্রয় করিতে পারিবেন।

(৮) একজন যাত্রী তাহার পেশাগত কাজে ব্যবহার্য এবং সহজে বহনযোগ্য যন্ত্রপাতি সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে আমদানি করিতে পারিবেন।

(৯) একজন যাত্রী অনধিক ১০০ (একশত) গ্রাম ওজনের স্বর্ণালংকার অথবা ২০০(দুইশত) গ্রাম ওজনের রৌপ্যের অলংকার [এক প্রকার অলংকার ১২ (বার) টির অধিক হইবে না] সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে আমদানি করিতে পারিবেন।

(১০) একজন যাত্রী বিদেশ হইতে দেশে আগমনকালে ঘোষণা প্রদানের মাধ্যমে অনধিক ১১৭(একশত সতের) গ্রাম (দশ তোলা) ওজনের স্বর্ণবার বা স্বর্ণপিন্ড অথবা ২৩৪ (দুইশত চৌত্রিশ) গ্রাম (বিশ তোলা) ওজনের রৌপ্যবার বা রৌপ্যপিন্ড সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ সাপেক্ষে আমদানি করিতে পারিবেন :

তবে শর্ত থাকে যে, উল্লিখিত পরিমাণের অতিরিক্ত যে কোনো পরিমাণ স্বর্ণবার বা স্বর্ণপিন্ড অথবা রৌপ্যবার বা রৌপ্যপিন্ড আনিলে বা যে কোনো পরিমাণ স্বর্ণবার বা স্বর্ণপিন্ড অথবা রৌপ্যবার বা রৌপ্যপিন্ড লুক্কায়িত অবস্থায় আনিলে উহা Customs Act, 1969 অনুযায়ী বাজেয়াপ্ত হইবে।

৪। **স্থল পথে আগত যাত্রীর জন্য সুবিধা।**—বিদেশে অবস্থানের মেয়াদ নির্বিশেষে স্থলপথে আগত একজন যাত্রী সর্বোচ্চ ৪০০ (চারশত) মার্কিন ডলার মূল্যের ব্যাগেজ সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে আমদানি করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, উক্তরূপ সুবিধা একজন যাত্রী এক পঞ্জিকা বৎসরে ৩ (তিন) বারের অধিক প্রাপ্ত হইবেন না।

৫। **অসুস্থ, পঙ্গু ও বৃদ্ধ যাত্রীর জন্য সুবিধা।**—আকাশপথ, জলপথ বা স্থলপথে আগত একজন অসুস্থ, পঙ্গু অথবা বৃদ্ধ যাত্রীর ব্যবহার্য চিকিৎসা যন্ত্রপাতি ও হুইল চেয়ার সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে খালাস করা যাইবে।

৬। **ক্রু, নাবিক এবং অন্যান্যদের জন্য সুবিধা।**—(১) পেশাগত দায়িত্ব পালন শেষে বিদেশ হইতে আগত বাংলাদেশি এয়ার লাইন্সে কর্তব্যরত কোনো বাংলাদেশি ক্রু বা কর্মকর্তা এবং বাংলাদেশের কোনো বিমানবন্দরে ফ্লাইট পরিচালনাকারী কোনো বিদেশি এয়ার লাইন্সে কর্তব্যরত কোনো বাংলাদেশি ক্রু বা কর্মকর্তা সর্বোচ্চ ৩০০ (তিনশত) মার্কিন ডলার মূল্যের ব্যাগেজ সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে আমদানি করিতে পারিবেন।

(২) বিদেশি সমুদ্রবন্দর হইতে আগমনকারী কোন জাহাজের বাংলাদেশি নাবিক বা কর্মকর্তা সর্বোচ্চ ৩০০ (তিনশত) মার্কিন ডলার মূল্যের ব্যাগেজ সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে আমদানি করিতে পারিবেন।

(৩) উপ-বিধি (২) এ উল্লিখিত নাবিক বা কর্মকর্তা সাইন অফ (sign off) করিলে তিনি অনূর্ধ্ব ২,০০০ (দুই হাজার) মার্কিন ডলার মূল্যের ব্যাগেজ আরোপযোগ্য সকল প্রকার শুল্ক ও কর পরিশোধক্রমে আমদানি করিতে পারিবেন।

(৪) বিদেশ হইতে আগত যাত্রীবাহী বাসের চালক ও স্টুয়ার্ডগণ (হেলপার বা এ্যাসিস্টেন্ট) পরিধেয় বস্ত্র, বিছানা (বেডিং) ও রন্ধনকৃত খাদ্য সামগ্রী এবং সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) মার্কিন ডলার মূল্যের ব্যক্তিগত ও গৃহস্থালি পণ্য সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে আমদানি করিতে পারিবেন।

৭। **গ্রীণ এবং রেড চ্যানেল ব্যবহার।**—(১) কোনো যাত্রী শুল্ক ও কর আরোপযোগ্য পণ্য বহন না করিলে তিনি বিমানবন্দরের গ্রীণ চ্যানেল (যদি থাকে) ব্যবহার করিতে পারিবেন।

(২) গ্রীণ চ্যানেল অতিক্রমকারী সর্বোচ্চ ৫% (শতকরা পাঁচ ভাগ) যাত্রীর ব্যাগেজ দৈবচয়নের ভিত্তিতে কাস্টমস কর্মকর্তা কর্তৃক স্ক্যানিং ও পরীক্ষা করা যাইবে।

(৩) উপ-বিধি (১) ও (২) এ যাহা কিছুই থাকুক না কেন, কোনো কাস্টমস কর্মকর্তা, যুক্তিসঙ্গত সন্দেহবশত গ্রীণ চ্যানেল অতিক্রমকারী যে কোনো যাত্রীর ব্যাগেজ স্ক্যানিং ও পরীক্ষা করিতে পারিবেন।

**৮। সকল যাত্রীর জন্য কাস্টমস ঘোষণাপত্রের বিধান।**—(১) বিদেশ হইতে আগত সকল যাত্রীকে কাস্টমস কর্তৃপক্ষের নিকট তফসিল-১ এ বর্ণিত ফরম পূরণ করিয়া ব্যাগেজ ঘোষণা প্রদান করিতে হইবে।

(২) যাত্রীর সঙ্গে আনীত হয় নাই এমন ব্যাগেজ ( unaccompanied baggage) এর ক্ষেত্রে কাস্টমস হল (Customs hall) বা কাস্টমস এলাকা ত্যাগ করিবার পূর্বেই যাত্রী কর্তৃক কাস্টমস কর্তৃপক্ষের নিকট তফসিল-১ এ বর্ণিত ফরম পূরণ করিয়া ব্যাগেজ ঘোষণা প্রদান করিতে হইবে।

(৩) ভুলবশত অথবা অন্য কোনো অনিবার্য কারণে উপ-বিধি (১) ও উপ-বিধি (২) এর বিধান মোতাবেক কোনো যাত্রী কর্তৃক ঘোষণা প্রদান করা সম্ভব না হইলে আগমনের ৭ (সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট এ্যাসিস্টেন্ট কমিশনার অব কাস্টমস এর নিম্নে নহেন এমন কাস্টমস কর্মকর্তার নিকট তফসিল-১ এ বর্ণিত ফরম পূরণ করিয়া তিনি ব্যাগেজ ঘোষণা প্রদান করিতে পারিবেন।

(৪) একজন যাত্রী ১ (এক) পঞ্জিকা বৎসরে মাত্র ১ (এক) বার unaccompanied baggage আনিতে পারিবেন।

**৯। মৃত ব্যক্তির ক্ষেত্রে অব্যাহতি।**—এই বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, কোনো বাংলাদেশি নাগরিক বিদেশে মৃত্যুবরণ করিলে তাহার ব্যাগেজ সকল প্রকার শুল্ক ও কর প্রদান হইতে অব্যাহতি পাইবে।

**১০। বাণিজ্যিক পরিমাণে ব্যাগেজ আমদানির ক্ষেত্রে শুল্ক ও কর।**— এই বিধিমালার অন্যান্য বিধানে যাহা কিছুই থাকুক না কেন, কোনো যাত্রী তফসিল-২ এবং তফসিল-৩ এ উল্লিখিত পণ্যের অতিরিক্ত বা ভিন্ন কোনো পণ্য (আমদানি নীতি আদেশ বা অন্য কোনো আইনের অধীন নিয়ন্ত্রিত বা নিষিদ্ধ পণ্য ব্যতীত), আমদানি করিলে প্রধান আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রিত এর ছাড়পত্র উপস্থাপন সাপেক্ষে, ন্যায়-নির্ণয়নপূর্বক (adjudication) প্রদেয় সমুদয় শুল্ক-কর, অর্থদন্ড ও জরিমানা, প্রযোজ্য ক্ষেত্রে, পরিশোধ সাপেক্ষে খালাস করিতে পারিবেন।